# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-৬৭

তারিখঃ ২০-০১-১৪৩৩ বঙ্গঃ
০৩-০৫-২০২৬ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ আল আমিন (আইডি নং-৮৭০১১৫০০৩), অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা গত ২৩/১২/২০২৪ খ্রিঃ হতে বিনা অনুমতিতে দপ্তরকে অবহিত না করে অনুপস্থিত রয়েছেন। তার কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে তিনি তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা তার কোন সহকর্মীকে অবহিত করেননি। তার দপ্তর হতে মুঠোফোনে তার সাথে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলে তার মুঠোফোন বন্ধ পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে, গত ২৯/১২/২০২৪ খ্রিঃ, ১৫/০১/২০২৫ খ্রিঃ এবং ২৪/০২/২০২৫ খ্রিঃ তারিখে তার দপ্তর কর্তৃক ডাকযোগে কৈফিয়ত তলবের পত্র তার স্থায়ী ঠিকানায় ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হলে বর্ণিত ঠিকানায় কেউ পত্রগুলো গ্রহণ না করায় পত্রগুলো ফেরত এসেছে। তিনি অদ্যাবধি দপ্তরের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে অব্যাহতভাবে দাপ্তরিক কাজে অনুপস্থিত রয়েছেন। এরূপ প্রেক্ষাপটে উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে জনাব মোঃ আল আমিন, অফিস সহায়কের বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২ অনুযায়ী শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-৭১ তারিখঃ ১৭/০৪/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণপূর্বক ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়। জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক তার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগের জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। অতঃপর, জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-১১২; তারিখঃ ২৪/০৫/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্তকরতঃ প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক এর বিরুদ্ধে অভিযোগনামায় আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় তার ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের লক্ষ্যে তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্তপূর্বক শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-২৬৭; তারিখ: ২৮/১২/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারিকরতঃ ৭(সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নিমিত্ত নির্দেশনা প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশটি তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ (১) জনাব মোঃ আল আমিন, পিতা- মোঃ ইদ্রিস আলী, গ্রাম-উত্তর তেকানী, ডাকঘর- নাটুয়াপাড়া, থানা- কাজিপুর, জেলা- সিরাজগঞ্জ; এবং (২) জনাব মোঃ আল আমিন, পিতা- মোঃ ইদ্রিস আলী, গ্রাম-ধলাগাছ (সর্দার পাড়া), ধলাগাছা, ডাকঘর-কামারপুকুর-৫৩১০, সৈয়দপুর, নীলফামারী এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল হতে বিরত থাকেন।

৪। পরবর্তী সময়ে, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের আলোকে জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক এর নিখোঁজ হওয়ার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক কোন পদক্ষেপ গৃহীত হয়েছে কি না সে সম্পর্কে তদন্ত কর্মকর্তার নিকট থেকে সুস্পষ্ট মতামত চাওয়া হয়। সে প্রেক্ষিতে সৈয়দপুর থানা, নীলফামারী হতে জানানো হয় যে, জনাব আল-আমিন, স্থায়ী ঠিকানা: গ্রাম-ধলাগাছ (সর্দারপাড়া), ডাকঘর-কামারপুকুর, থানা-সৈয়দপুর, জেলা-নীলফামারী নামীয় কোন ব্যক্তির বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি এবং এই নামে কোন তথ্য সংশ্লিষ্ট থানায় রেকর্ড করা হয়নি। এছাড়াও, তদন্ত কর্মকর্তা জনাব মোঃ আল আমিন এর নিখোঁজ হওয়ার বিষয়ে মৃত্যুজনিত কারণ রয়েছে কিনা তা তদন্তের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ (১ নং কামারপুকুর ইউনিয়ন) ইউনিয়ন পরিষদ সচিব এর সহায়তায় অফিসে রক্ষিত মৃত্যু রেজিস্টার পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করেন। মৃত্যু রেজিস্টার পরীক্ষা-নিরীক্ষান্তে জনাব আল- আমিন, পিতা: মো: ইদ্রিস আলী, ডাকঘর: কামারপুকুর, উপজেলা: সৈয়দপুর, জেলা: নীলফামারী নামীয় কোন তথ্য পাওয়া যায়নি। পরবর্তীকালে ১ নং কামারপুকুর ইউনিয়ন পরিষদ অফিস থেকে এ সংক্রান্ত একটি প্রত্যয়ন সংগ্রহ করা হয়। উক্ত প্রত্যয়নে উল্লেখ করা হয়েছে যে, জনাব আল-আমিন, পিতা: মো: ইদ্রিস আলী, ডাকঘর: কামারপুকুর, উপজেলা: সৈয়দপুর, জেলা: নীলফামারী এর কোন তথ্য অত্র ইউনিয়ন পরিষদের মৃত্যু রেজিস্টারে অন্তর্ভুক্ত নেই।

৫। বর্ণিত প্রেক্ষাপটে, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা দীর্ঘ সময় ধরে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং দপ্তরের সাথে কোনো প্রকার যোগাযোগ রক্ষা করেননি। তার অনুপস্থিতির বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট কোনো অভিযোগ বা রেকর্ড পাওয়া যায়নি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মৃত্যু নিবন্ধন রেজিস্টারেও তার মৃত্যুর কোনো তথ্য পাওয়া যায়নি। ফলে তিনি ইচ্ছাকৃতভাবে দাপ্তরিক দায়িত্ব হতে বিরত রয়েছেন মর্মে প্রতীয়মান হয়।

অঃপৃঃদ্রঃ

৬। অতএব, উপর্যুক্ত সকল বিষয় পর্যালোচনায় জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক এর বিরুদ্ধে আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগসমূহ বিভাগীয় তদন্তে প্রমাণিত হওয়ায় এবং আত্মপক্ষ সমর্থনে কোনো জবাব দাখিল না করায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রযোজ্য বিধান অনুযায়ী তার ওপর "চাকরি হতে বরখাস্ত" দণ্ড আরোপ করা সমীচীন বিবেচিত হয়। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। এমতাবস্থায়, কর্তৃপক্ষের উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ আল আমিন (আইডি নং-৮৭০১১৫০০৩), অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৮। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৩/০৫/২৬

(মোঃ আবদুল মতিন)
পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৬৮০৯১০০০১

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-৬৭(১৮)

তারিখঃ ২০-০১-১৪৩৩ বঙ্গঃ
০৩-০৫-২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, বোর্ড/কর্মচারী/হিসাবরক্ষণ/অর্থ/অডিট/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিভার মরফোলজি ও রিসার্চ সার্কেল, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা।
৮। উপপরিচালক (অহিনি), কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১০। (ক) জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব মোঃ আল আমিন, পিতা- মোঃ ইদ্রিস আলী, গ্রাম-ধলাগাছ (সর্দার পাড়া), ধলাগাছা, ডাকঘর-কামারপুকুর-৫৩১০, সৈয়দপুর, নীলফামারী।
১১। অফিস কপি/মাস্টার কপি।

০৩/০৫/২০২৬

(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক
পরিচিতি নং-৬৯১২১১০০১